# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 27-07-2026** **Time: 7.35 AM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) পরীক্ষায় সমস্ত ধরনের কারচুপি রোধে আজ লোকসভায় পেশ হচ্ছে সংশোধনী বিল।

দেশের পরীক্ষা ব্যবস্থায় সংস্কারের লক্ষে কেন্দ্রীয় সরকার উচ্চ ক্ষমতা সম্পন্ন টাস্কফোর্স গঠনের সিদ্ধান্ত নিয়েছে।

২) নীট পরীক্ষায় রাজ্যের মেধা তালিকার শীর্ষে থাকা পরীক্ষার্থীদের আজ সম্বর্ধনা দেবে রাজ্য সরকার।

৩) স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আগামী ৯ থেকে ১৭-ই আগস্ট রাজ্যজুড়ে হর-ঘর তিরঙ্গা কর্মসূচী পালিত হবে।

৪) অতি গভীর নিম্নচাপ এবং সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে আজ রাজ্যের দক্ষিণবঙ্গে বিস্তীর্ণ অঞ্চলে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ।

৫) মৎস্যজীবীদের সুরক্ষায় GPS আধুনিক ওয়ারলেস এবং স্যাটেলাইট ভিত্তিক আবহাওয়ার আগাম সতর্কবার্তা ব্যবস্থা চালু করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারি জানিয়েছেন।

৬) কলকাতা মেট্রোর ব্লু এবং গ্রীণ লাইনে পরিষেবা আজ থেকে সকাল ৬-টায় শুরু হলো।

oooooooooooooooooooooo

পরীক্ষার প্রশ্নফাঁস রুখতে কেন্দ্রীয় সরকার আজ লোকসভায় **পাবলিক এক্সামিনেশনস প্রিভেনশন অফ আনফেয়ার মিন্স** সংশোধনী বিল পেশ করতে চলেছে। কেন্দ্রীয় মন্ত্রী ডক্টর জিতেন্দ্র সিং, বিলটি সভায় উত্থাপন করবেন। **পাবলিক এক্সামিনেশনস প্রিভেনশন অব আনফেয়ার মিন্স অ্যাক্ট** 2024 সংশোধনের সংস্থান রয়েছে এই বিলে। নতুন এই খসড়া বিলে দোষীদের নূন্যতম সাজা পাঁচ বছর থেকে সর্বোচ্চ ১০ বছর করার প্রস্তাব রয়েছে। একই সঙ্গে ৫০ লক্ষ টাকা পর্যন্ত আর্থিক জরিমানারও সংস্থান রাখা হয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই বিল পেশ প্রসঙ্গে বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সর্বদাই এই বিষয়ে জিরো টলারেন্স নীতি নিয়েছে। নিট প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে আন্দোলনকারী পড়ুয়া তথা সমগ্র দেশবাসীর তাঁর ওপর আস্থা রয়েছে। দ্রুত ন্যয়বিচার নিশ্চিত করার লক্ষ্যে প্রধানমন্ত্রী ফাস্ট ট্র্যাক কোর্ট গঠনের সিদ্ধান্তকেও স্বাগত জানান তিনি।

oooooooooooooooooooooo

দেশের পরীক্ষাব্যবস্থায় সংস্কারের লক্ষ্যে টাস্ক ফোর্স গঠনের সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। উচ্চ ক্ষমতা সম্পন্ন এই টাস্ক ফোর্সের নেতৃত্বে থাকছেন প্রযুক্তি বিশেষজ্ঞ নন্দন নীলেকাণি। গতকাল সমাজমাধ্যমে একটি ভিডিয়ো পোস্ট করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একথা জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, এই টাস্ক ফোর্স পরীক্ষাব্যবস্থায় সংস্কারের বিষয়টিকেই অগ্রাধিকার দেবে। কোথায় সংস্কার প্রয়োজন, তা জানিয়ে সরকারের কাছে দ্রুত প্রস্তাব পাঠাবে।

(বাইট – প্রধানমন্ত্রী)

শ্রী মোদী জানিয়েছেন, টাস্ক ফোর্সের প্রস্তাব মেনে আগামী পরীক্ষাগুলিতে স্বচ্ছতার বিষয়টি সুনিশ্চিত করবে সরকার।

টাস্ক ফোর্সের অন্য সদস্যরা হলেন, মহাকাশ গবেষণা সংস্থা ইসরো-র প্রাক্তন চেয়ারম্যান এস সোমনাথ, কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা আইবি-র প্রাক্তন অধিকর্তা তপন ডেকা, আইআইটি মাদ্রাজের অধিকর্তা ভি কামাকোটি, প্রাক্তন শিক্ষাসচিব অনীতা করবাল এবং প্রযুক্তি বিশেষজ্ঞ অমৃতলাল মীণা।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

ডাক্তারি প্রবেশিকা পরীক্ষা- NEET-এ এরাজ্যে মেধা তালিকার শীর্ষে থাকা পরীক্ষার্থীদের সংবর্ধনা দেবে রাজ্য সরকার। আজ নবান্ন সভাঘরে মেধা তালিকার শীর্ষে থাকা ১০০ জন পরীক্ষার্থী উপস্থিত থাকবেন। তাঁদের হাতে ল্যাপটপ সহ উপহার সামগ্রী তুলে দেবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

গত ১৭ই জুলাই নিটের ফল প্রকাশিত হয়। ১১ লক্ষ ২১ হাজার পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। পশ্চিমবঙ্গ থেকে সফল হয়েছেন ৫২ হাজার ৭৪৬ জন পরীক্ষার্থী।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

ধর্মতলায় ছাত্র বিক্ষোভে অশান্তি সৃষ্টির অভিযোগে ধৃত ১৪ জনের দুদিনের পুলিশ হেফাজত হয়েছে। গতকাল আরো ৩ জনকে গ্রেফতার করা হয়। সরকারি আইনজীবী আদালতে জানান, CPIM, AIDSO সহ আরো কয়েকটি সংগঠনের ব্যানারে অনুমতি না থাকা সত্ত্বেও জমায়েত করায় আইন ভঙ্গ হয়েছে।

এদিকে নিট কান্ডের প্রতিবাদে ধর্মতলার মিছিলে বিশৃঙ্খলার ঘটনার সঙ্গে প্রকৃত আন্দোলনকারীদের কেউ জড়িত ছিলেন না বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ফের জানিয়েছেন। পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে গতকাল সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, সাংবাদিকদের ওপর আক্রমণ এবং অশান্তি সৃষ্টির ঘটনায় কাউকেই রেয়াত করা হবে না।

( বাইট – মুখ্যমন্ত্রী)

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

ধর্মতলায় বিক্ষোভ সমাবেশে সাংবাদিক নিগ্রহের ঘটনায় কয়েকজন কংগ্রেস কর্মীকে মিথ্যা মামলায় অভিযুক্ত করা হয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেছেন। গতকাল এক বিবৃতিতে শুভঙ্কর বাবু বলেন, রাজনৈতিক প্রতিহিংসার বশে তাদের কর্মিদের ফাঁসানো হয়েছে। কংগ্রেস সব সময় অহিংস আন্দোলনে বিশ্বাসী বলেও মন্তব্য করেন তিনি।

ooooooooooooooooooooooo

এদিকে, নীট বিক্ষোভে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কুরুচিপূর্ণ ছবি প্রদর্শনের অভিযোগে অভিনেত্রী শ্রীলেখা মিত্রের বিরুদ্ধে গতকাল বারুইপুর থানায় FIR দায়ের হয়েছে। অভিযোগকারী মৌ মান্নার দাবি প্রধানমন্ত্রীর ছবি যেভাবে প্রকাশ করা হয়েছে, তা আপত্তিকর ও জনমানসে বিরূপ প্রভাব সৃষ্টি করতে পারে।

উল্লেখ্য, একই অভিযোগে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে ওই অভিনেত্রীর বিরুদ্ধে একাধিক মামলা রুজু হয়েছে।

ooooooooooooooooooooooo

বেশ কিছু কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ উত্তরবঙ্গ যাচ্ছেন। আজ সকালে তিনি শিলিগুড়ির বর্ধমান রোডে নবনির্মিত উড়ালপুলের উদ্বোধন করবেন। এরপরে ময়নাগুড়িতে জল্পেশ মন্দিরে শ্রাবণী মেলা পরিদর্শন করবেন তিনি, সেখানে মুখ্যমন্ত্রীর পুজো দেওয়ার কথা রয়েছে। সিকিমের নামচীতে তিস্তা জলবিদ্যুৎ কেন্দ্র প্রকল্পে নির্মীয়মান টানেলে বিস্ফোরণে নিহত শ্রমিকদের পরিবারের সঙ্গে সাক্ষাৎ করে মুখ্যমন্ত্রী তাদের হাতে আর্থিক সহায়তা তুলে দিতে পারেন বলে মনে করা হচ্ছে। মুখ্যমন্ত্রীর সফরকে ঘিরে জেলায় নিরাপত্তা আটোসাটো করা হয়েছে।

ooooooooooooooooooooooo

স্বাধীনতা দিবস উদযাপনের অঙ্গ হিসাবে পশ্চিমবঙ্গ সরকার আগামী ৯ থেকে ১৭ অগস্ট রাজ্যজুড়ে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচির আয়োজন করছে। এর আওতায় জেলা

থেকে ব্লক স্তর পর্যন্ত তিরঙ্গা মিছিল, প্রভাত ফেরি, সাইকেল র‍্যালি, দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ, প্রবন্ধ ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, সরকারি ভবন ও গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ আলোকসজ্জা এবং রঙ্গৌলির ব্যবস্থা করতে হবে। পাশাপাশি সরকারি দফতর ও শিক্ষা প্রতিষ্ঠানে সমবেতভাবে 'বন্দে মাতরম্' গাওয়া এবং সাধারণ মানুষকে জাতীয় পতাকা উত্তোলনে উৎসাহিত করার কথাও বলা হয়েছে। রাজ্যের তথ্য ও সংস্কৃতি দফতর ইতোমধ্যেই সমস্ত সরকারি দফতর, জেলাশাসক এবং কলকাতা পুরসভার কমিশনার-সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে এব্যাপারে বিস্তারিত নির্দেশিকা পাঠিয়েছে। এই কর্মসূচীর লক্ষ্যে প্রতিটি জেলা ও কলকাতা পুর এলাকার জন্য দেড় লক্ষ এবং কালিম্পংয়ের জন্য ২০ হাজার জাতীয় পতাকা সরবরাহ করবে কেন্দ্র। জেলা, মহকুমা, ব্লক, পুরনিগম ও পুরসভাগুলিকে নির্দিষ্ট হারে আর্থিক বরাদ্দও দেওয়া হবে। কর্মসূচি শেষে ছবি, ভিডিও এবং অংশগ্রহণের রিপোর্ট তথ্য ও সংস্কৃতি দফতরে জমা দিতে বলা হয়েছে।

oooooooooooooooooooooo

ছোট শিল্পোদ্যোগ সফল হলে কর্ম সংস্থান বৃদ্ধি পাবে এবং অর্থনীতিও মজবুত হবে বলে রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত মত ব্যক্ত করেছেন। কলকাতায় গতকাল NITI Aayog-এবং অটল ইনোভেশন মিশন এর সহায়তায় রাজ্যের প্রথম অটল ইনকিউবেশন সেন্টার 'AIC Techno'-র উদ্বোধন করেন তিনি। অর্থমন্ত্রী বলেন, নতুন উদ্যোক্তাদের স্বপ্ন পুরনে যে সমস্ত সংস্থা, প্রশিক্ষণ ও পরামর্শ দানে এগিয়ে আসবে তাদের রাজ্য সরকার সবরকমের সহযোগিতা করবে।

অনুষ্ঠানে উপস্থিত নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান ড: অশোক লাহিড়ি বলেন, নতুন স্টার্ট আপ তৈরির ক্ষেত্রে কেন্দ্র ও রাজ্যের মিলিত উদ্যোগ উন্নয়নের নতুন দিশা দেখাবে।

(বাইট - ডক্টর অশোক লাহিড়ী)

ইনকিউবেশন সেন্টারের এক্সিকিউটিভ ডিরেক্টর মেঘদূত রায় চৌধুরী জানান, AIC Techno-এর লক্ষ্য - আগামী ৫ বছরে ৫০ এর বেশি স্টার্টআপকে পথপ্রদর্শক, পরিকাঠামোগত আর্থিক এবং ব্যবসায়িক সহায়তা দেওয়া। উদ্বোধনের আগেই প্রায় ২০০টি স্টার্টআপ আবেদন জমা পড়েছে।

**০০০০০০০০০০০০০০০০০০০০০০০**

উত্তর-পশ্চিম বঙ্গোপোসাগর এবং সংলগ্ন উত্তর ওড়িশা ও পশ্চিমবঙ্গ উপকূলের ওপর অবস্থিত গভীর নিম্নচাপটি ধীরে ধীরে উত্তর – উত্তর পশ্চিমে অগ্রসর হচ্ছে। সেটি আজ অতি গভীর নিম্নচাপে পরিণত হয়ে ওড়িশার চাঁদবালি এবং রাজ্যের ক্যানিং-এর মধ্য দিয়ে দুপুর নাগাদ স্থলভাগে প্রবেশ করার কথা।

এদিকে, মৌসুমী অক্ষরেখা সক্রিয় থাকায় দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলে ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। উপকূলবর্তী দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর জেলাতে ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে। রাজ্যের পশ্চিমের জেলাগুলিতেও বৃষ্টির পরিমাণ বাড়বে। উপকূলবর্তী এলাকায় ঘণ্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড় হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা। মৎস্যজীবীদে আগামীকাল পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

উত্তরবঙ্গে কোথাও কোথাও হাল্কা বৃষ্টির সম্ভাবনা।

**০০০০০০০০০০০০০০০০০০০০০০০**

মৎস্যজীবীদের সুরক্ষায় জিপিএস, আধুনিক ওয়ারলেস ও স্যাটেলাইট ভিত্তিক আবহাওয়ার আগাম সতর্কবার্তা ব্যবস্থা চালু করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। পূর্ব মেদিনীপুরের রামনগরে গতকাল তিনি শঙ্করপুর থেকে সমুদ্রে মাছ ধরতে গিয়ে প্রাণ হারানো ও নিখোঁজ মৎস্যজিবীদের পরিবারের হাতে পাঁচ লক্ষ টাকা করে আর্থিক সহায়তা তুলে দেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

পরিবারের একজন সদস্যকে রাজ্য পুলিশের হোমগার্ড কিংবা সিভিক ভলান্টিয়ারের চাকরির আশ্বাস দেন তিনি। শ্রী অধিকারী অভিযোগ করেন, পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকার কেন্দ্র থেকে পাওয়া রাজ্য বিপর্যয় তহবিলের প্রায় চার পাঁচ হাজার কোটি টাকার সদ্ব্যবহার করেনি।

ooooooooooooooooooooo

কলকাতা মেট্রোর ব্লু এবং গ্রীণ লাইনে পরিষেবা আজ থেকে সকাল ৬-টায় শুরু হলো। মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরাম শেষ পরিষেবা রাত ১০ টা ৩ মিনিটে, দক্ষিণেশ্বর থেকে মহানায়ক উত্তম কুমারের শেষ ট্রেন পাওয়া যাবে ১০ টা ১৮ মিনিটে। দমদম থেকে মহানায়ক উত্তম কুমার পর্যন্ত শেষ পরিষেবা পাওয়া যাবে রাত সাড়ে ১০ টায়।

অন্যদিকে, গ্রীন লাইনে হাওড়া ময়দান থেকে সেক্টর ফাইভ পর্যন্ত রুটে শেষ পরিষেবা রাত সাড়ে ১০ টায় এবং সিটি সেন্টার থেকে হাওড়া ময়দান শেষ ট্রেন ১০ টা ৩৬ মিনিটে পাওয়া যাবে। সোম থেকে শনিবার পর্যন্ত এই পরিষেবা মিলবে।

রবিবার দুটি লাইনেই প্রথম পরিষেবা শুরু হবে সকাল ৯-টায়। শেষ ট্রেন পাওয়া যাবে রাত সাড়ে ১০ টায়।

oooooooooooooooooooooo

পেট্রোপণ্যের মূল্য বৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রেখে ভাড়া বৃদ্ধি সহ ১১ দফা দাবিতে কলকাতা অ্যাপ ক্যাব চালকদের সংগঠন আজ সন্ধ্যা ৬ টা পর্যন্ত ১২ ঘন্টার পরিষেবা বন্ধ রেখেছে। সংশ্লিষ্ট দাবি দাওয়া নিয়ে আজ সকাল ১১টায় মৌলালি রামলীলা পার্কে বিক্ষোভ মিছিল এর আয়োজন করা হয়েছে। অ্যাপ ক্যাব চালকদের একাংশ এই কর্মসূচিতে অংশ নেওয়ায় কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনায়

মানুষজন সমস্যার সম্মুখীন হবেন বলে মনে করা হচ্ছে।